

# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 13.12.2024**

**Time: 7-35 A.M.**

### বিশেষ বিশেষ খবর –

১/ কেন্দ্রীয় কেন্দ্রীয় মন্ত্রিসভা ‘এক দেশ এক নির্বাচন’ বিলে ছাড়পত্র দিয়েছে।

# ভারতে এই ব্যবস্থা কার্যকর হলে, মোট অভ্যন্তরীণ উৎপাদন ১ দশমিক ৫ শতাংশ বাড়বে বলে প্রাক্তন রাষ্ট্রপতি তথা এ’সংক্রান্ত কমিটির প্রধান রামনাথ কোবিন্দ মত প্রকাশ করেছেন।

২/ ‘স্মার্ট ইন্ডিয়া হ্যাাকাথন-২০২৪’ গ্র্যান্ড ফিনালের সফটওয়্যার এডিশন গতরাতে শেষ হয়েছে। এ রাজ্যে ৮’টি দলকে বিজয়ী ঘোষণা করা হয়েছে।

৩/ বিভিন্ন প্রকল্পে উপভোক্তাদের অ্যাকাউন্টে সরাসরি সুবিধা হস্তান্তরের বিষয়টি সুরক্ষিত রাখতে রাজ্য অর্থ দফতর ১৬ দফা নির্দেশিকা জারি করেছে।

৪/ আধাসামরিক বাহিনীতে শূণ্যপদ-এ নিয়োগের অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫/ জলদাপাড়া অভয়ারণ্যের চিলাপাতার জঙ্গলে হাতির হামলায় তিনজন প্রাণ হারিয়েছেন।

৬/ আইএসএস ফুটবলে ইস্টবেঙ্গল ২-১ গোলে ওড়িশা এফ সি-র কাছে পরাজিত হয়েছে।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা ‘এক দেশ এক নির্বাচন’ সংক্রান্ত বিল অনুমোদন করেছে বলে সংবাদসংস্থা হিন্দুস্তান সমাচার সূত্রের খবর। সংসদের শীতকালীন অধিবেশনেই এই সংক্রান্ত বিল পেশ করতে পারে কেন্দ্র।

এই ব্যবস্থা কতটা বাস্তবসম্মত হবে, তা খতিয়ে দেখতে প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। গত মার্চে কমিটি এ’সংক্রান্ত একটি রিপোর্ট রাষ্ট্রপতির কাছে জমা দিয়েছে। রিপোর্টে ‘এক দেশ এক নির্বাচন’-এর পক্ষে সায় দেওয়া হয়েছে। প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ বলেছেন, ভারতের মোট অভ্যন্তরীণ উৎপাদন ১ থেকে ১ দশমিক ৫ শতাংশ বৃদ্ধির ক্ষমতা ‘এক দেশ, এক নির্বাচন’র রয়েছে। এই ব্যবস্থার পক্ষে জোরালো সওয়াল করে শ্রী কোবিন্দ বলেন, এই সিদ্ধান্ত দেশের জন্য গুরুত্বপূর্ণ।

( বাইট- রামনাথ )

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, ‘এক দেশ এক নির্বাচন’ ব্যবস্থাকে ‘অসংবিধানিক’ বলে মন্তব্য করেছেন। এই ব্যবস্থা চালু করার উদ্যোগ নেওয়ায় তিনি কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করেন। নিজের এক্স হ্যান্ডেল মারফত মুখ্যমন্ত্রী জানান, কেন্দ্রীয় মন্ত্রিসভা বিশেষজ্ঞ এবং বিরোধী নেতাদের যুক্তিগ্রাহ্য উদ্বেগকে সম্পূর্ণ উপেক্ষা করে ‘এক দেশ এক নির্বাচন’ ব্যবস্থা চালু করতে চাইছে। তৃণমূল কংগ্রেস এই সিদ্ধান্তের সর্বাত্মক বিরোধিতা করবে। এদিকে, কেন্দ্রীয় সরকার এক দেশ এক নির্বাচন নীতি কার্যকর করার পথে হাঁটলেও তা সাংবিধানিক বৈধতা পাবে কিনা, সেই বিষয় প্রশ্ন তুলেছেন রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়।

( বাইট- বিমান বন্দ্যোপাধ্যায় )

এই ব্যবস্থার বিরোধিতা করে CPIM নেতা সুজন চক্রবর্তী বলেছেন, মানুষের আস্থা-অনাস্থকে মাথায় রেখেই দেশে ৫ বছর অন্তর ভোট হয়। নতুন ব্যবস্থা চালু হলে গণতান্ত্রিক প্রক্রিয়া থেকে দেশ সরে আসবে বলে মন্তব্য করেন তিনি।

\*\*\*\*\*

‘স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন-২০২৪’ গ্র্যান্ড ফিনালের সফটওয়্যার এডিশন, গতরাতে শেষ হয়েছে। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার, ভারুয়ালি খড়গপুর IIT-র

বিজয়ীদের নাম ঘোষণা করেন। ওই কেন্দ্রে মোট ৩৫ টি দল অংশ নেয়। এদের মধ্যে ৮টি দলকে বিজয়ী ঘোষণা করে এক লক্ষ টাকার চেক প্রদান করা হয়। একটি বিজয়ী দলের সদস্যরা জানানেন-

( বাইট- হ্যাকাথন উইনার )

খড়গপুর IIT-র উপ অধিকর্তা রিঙ্কু ব্যানার্জি বলেছেন, স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের মাধ্যমে পাওয়া সমাধানগুলি সুস্থায়ী উন্নয়নে সহায়ক হবে।

(বাইট- রিঙ্কু ব্যানার্জি )

\*\*\*\*\*

বিভিন্ন প্রকল্পে উপভোক্তাদের অ্যাকাউন্টে সরাসরি সুবধা হস্তান্তরের বিষয়টি সুরক্ষিত রাখতে রাজ্য অর্থ দফতর ১৬ দফা নির্দেশিকা জারি করেছে। সাম্প্রতিক ট্যাবকাও থেকে শিক্ষা নিয়ে ব্যাংক অ্যাকাউন্টে টাকা দেওয়ার আগে এবার থেকে কাগজের নথিতে নয়, অনলাইনে ব্যাংক অ্যাকাউন্ট যাচাই করা হবে বলে ওই নির্দেশিকায় জানানো হয়েছে। ন্যাশনাল পেমেন্ট কর্পোরেশন এই যাচাইয়ের কাজ করবে।

\*\*\*\*\*

রেশন বন্টনে কোনরকম অনিয়ম হচ্ছে কিনা তা খতিয়ে দেখতে এবার খাদ্য দফতরের আধিকারিকরা নিয়মিত রেশন দোকানে অভিযান চালাবে।

রেশন সামগ্রির মান ও ওজন নিয়ে এই সময়কালে একাধিক অভিযোগ ওঠায় খাদ্য দফতর এই সিদ্ধান্ত নিয়েছে। ‘দুয়ারে রেশন’ প্রকল্প চালু করা হলেও বহু ডিলার গ্রাহকদের বাড়ি বাড়ি গিয়ে সামগ্রী দিচ্ছিলেন না বলে অভিযোগ ওঠে। সেজন্য সব যায়গায় সপ্তাহে দুদিন ‘দুয়ারে রেশন’ বাধ্যতামূলক করা হচ্ছে বলেও দফতরের তরফে জানানো হয়েছে।

\*\*\*\*\*

বেপরোয়া বাসের রেষারেষি আটকাতে রাজ্য পরিবহণ দফতর একটি নতুন মোবাইল অ্যাপ তৈরির কথা জানিয়েছে।

তথ্য-প্রযুক্তি দফতর ও রাজ্য পুলিশ যৌথভাবে এই মোবাইল অ্যাপ তৈরি করেছে। সেই অ্যাপের মাধ্যমে সরকারি ও বেসরকারি বাসের যাত্রাপথের পুঙ্খানুপুঙ্খ তথ্য, গতিবেগ সহ যাবতীয় তথ্য পাওয়া যাবে। প্রত্যেক বাস চালককে নিজেদের মোবাইলে বাধ্যতামূলকভাবে এই উন্নত প্রযুক্তির এই মোবাইল অ্যাপ ডাউনলোড করতে হবে। সংশ্লিষ্ট বাস চালকের নাম, ফোন নম্বর, ড্রাইভিং লাইসেন্স নম্বর সবই অ্যাপে যুক্ত করা হবে। বাসটি নির্দিষ্ট গতিবেগ অতিক্রম করলেই অ্যাপের মাধ্যমে চালকের মোবাইলে সতর্ক বার্তা পাঠানো হবে। চালক তা না মানলে বাসের মালিক এবং পরিবহণ দফতরের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকেরা বিপদ সঙ্কেত পাবেন। তারপরও চালক যদি গতিবেগ নিয়ন্ত্রণ না করেন তাহলে তার লাইসেন্স বাতিল করা হবে।

\*\*\*\*\*

আজ শুনবেন বিশেষ আলোচনা ‘সুগম্য ভারত এবং তার গুরুত্ব’। দক্ষিণ পূর্ব রেলের জন সংযোগ আধিকারিক সোপান দত্তের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮ টায় গীতাঞ্জলি, ১০৭ এফএম ও ডি টি এইচ বাংলায়।

\*\*\*\*\*

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল- ‘আকাশবাণী সংবাদ বাংলা’, ফেসবুক ও ইন্সটাগ্রাম-‘আকাশবাণী সংবাদ কলকাতা’ এবং এক্স হ্যাণ্ডেল- ‘AIR নিউজ কলকাতা’-তে।

\*\*\*\*\*

আধা সামরিক বাহিনীতে শূণ্যপদ-এ নিয়োগের অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। গত বছর স্টাফ সিলেকশন কমিশন, দেশ জুড়ে আধা সেনায় শূণ্যপদ পূরণের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি জারি করে। এরাজ্যের কয়েকজন চাকরী প্রার্থীর বক্তব্য ছিল, আধা সেনার চাকরী পেতে গেলে ১৭০ সেন্টিমিটার উচ্চতা হতে হবে। তাঁদের উচ্চতা আধ সেন্টিমিটার কম বলে, চাকরীর সুযোগ থেকে তাঁদের বঞ্চিত করা হয়। যদিও নিয়ম অনুযায়ী আবেদনপত্র গ্রাহ্য হওয়া উচিত। এরপরই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন ৩৮ জন নিয়োগ প্রার্থী।

হাইকোর্টের সিঙ্গল বেঞ্চ জানিয়েছিল যে, মামলাকারীদের বিষয়টি বিবেচনা না করে নিয়োগ প্রক্রিয়া চালানো যাবে না।

ডিভিশন বেঞ্চে বিষয়টি গেলে, বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং পার্থসারথী চট্টপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ নিয়োগের মেধা তালিকা প্রকাশের অনুমতি দেন। তবে, মূল মামলাকারীরা যোগ্য বলে বিবেচিত হলে, তাঁদেরকেও মেধা তালিকায় স্থান দিতে হবে বলে হাইকোর্ট জানিয়েছে।

\*\*\*\*\*

জলদাপাড়া অভয়ারণ্যের চিলাপাতার জঙ্গলে কাঠ কুড়োতে গিয়ে হাতির হামলায় তিন মহিলা প্রাণ হারিয়েছেন। আশঙ্কাজনক অবস্থায় একজনকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

জানা গেছে, গতকাল দুপুরে কালচিনি ব্লকের দক্ষিণ মেন্দা বাড়ির বাসিন্দা বেশ কয়েকজন মহিলা জঙ্গলে কাঠ সংগ্রহে গেলে বুনো হাতির দলের সামনে পড়ে যান। মৃত্যু হয় চান্দামণি ওঁরাও, সুকুরমণি লোহার ও রেখা বর্মণের।

আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি নিমা চারোয়া।

\*\*\*\*\*

বিনা বাধায় উত্তরে হাওয়া প্রবেশ করায়, রাজ্যে তাপমাত্রার পারদ নিম্নমুখী।

পশ্চিমের জেলাগুলিতে শৈত্য প্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান ও বীরভূমে আজ ও কাল দুদিন শৈত্য প্রবাহ চলবে। রাজ্যের বাকি অংশেও তাপমাত্রার পারদ বেশ কিছুটা নামতে পারে।

আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সোমনাথ দত্ত জানিয়েছেন, আগামী কয়েকদিন রাজ্যে শীতের আমেজ বজায় থাকবে।

( বাইট- আবহাওয়া সোমনাথ )

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের ২'দশমিক এক কম- ১৪ ডিগ্রি রেকর্ড করা হয়েছে। সর্বোচ্চ তাপমাত্রা ২৪ দশমিক ২ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

\*\*\*\*\*

সীমান্তরক্ষা বাহিনী BSF-এর মহিলা জওয়ানদের ‘গঙ্গোত্রী থেকে গঙ্গাসাগর’ নৌযাত্রা, গতকাল মুর্শিদাবাদের লালবাগের জেটিঘাটে পৌঁছেছে।

তাদের স্বাগত জানান BSF-এর বহরমপুর সেক্টরের আধিকারিকরা। ছিলেন জেলা প্রশাসনের কর্তারাও। পরে ওয়াসেফ মঞ্জিলের এক অনুষ্ঠানে তাদের সম্বর্ধনা দেওয়া হয়। ‘ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা’ এবং নারী ক্ষমতায়নের বার্তা নিয়ে BSF-এর ২০ জন মহিলা জওয়ান গত দোসরা নভেম্বর ‘গঙ্গোত্রী থেকে নৌযাত্রা শুরু করেন। ৫০ দিনে তাঁরা আড়াই হাজার কিলোমিটার পথ অতিক্রম করে পৌঁছবেন গঙ্গাসাগরে।

\*\*\*\*\*

যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল ১-২ গোলে ওড়িশা এফ সি-র কাছে পরাজিত হয়েছে।

ওড়িশার জেরি ও বুমোস এবং ইস্টবেঙ্গলের লালচুংনুঙ্গা গোল করেছেন। ৪৩ মিনিটে জিকসন সিং লাল কার্ড দেখায় বাকি সময় ইস্টবেঙ্গলকে দশ জনে খেলতে হয়।

ওড়িশা এফ সি ১২ ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার তৃতীয় স্থানে উঠে এসেছে। একাদশ স্থানে থাকা ইস্টবেঙ্গলের ১০ ম্যাচে পয়েন্ট সাত।

\*\*\*\*\*

যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল ১-২ গোলে ওড়িশা এফ সি-র কাছে পরাজিত হয়েছে।

ওড়িশার জেরি ও বুমোস এবং ইস্টবেঙ্গলের লালচুংনুঙ্গা গোল করেছেন। ৪৩ মিনিটে জিকসন সিং লাল কার্ড দেখায় বাকি সময় ইস্টবেঙ্গলকে দশ জনে খেলতে হয়।

ওড়িশা এফ সি ১২ ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার তৃতীয় স্থানে উঠে এসেছে। একাদশ স্থানে থাকা ইস্টবেঙ্গলের ১০ ম্যাচে পয়েন্ট সাত।

\*\*\*\*\*